



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর

www.phulbarigovtcollege.edu.bd

ইমেইল: phulbarigovt.college@yahoo.com



মোবাইল: ০১৩০৯১২০৪৫১

ফোন: ০৫৩২৭৫৬২১৭

স্মারক নং: ফুসক/২২ন/২০২৩

তারিখ: ২৭/০২/২০২৩ খ্রি.

## ২০২২-২৩ সেশনে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তির বিজ্ঞপ্তি

২০২২-২৩ শিক্ষাবর্ষে ফুলবাড়ী সরকারি কলেজে ভর্তিকৃত উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাদশ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা) শ্রেণিতে অধ্যয়নরত যোগ্য শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তাদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম [www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd)/কলেজের ওয়েব সাইট/ফেইসবুক পেজ থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে যোগ্য শিক্ষার্থীদের নিকট হতে প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র নিম্নলিখিত সময়সূচি মোতাবেক জমা নেয়া হবে।

ক্র. নং	বিভাগ	তারিখ	সময়	স্থান
১	বিজ্ঞান	০১/০৩/২০২৩ খ্রি.	দুপুর ০১:১০ থেকে ২:৪৫ পর্যন্ত	হলক্রম
২	মানবিক	০২/০৩/২০২৩ খ্রি.		
৩	ব্যবসায় শিক্ষা			

### শর্তসমূহ:


- প্রাতিষ্ঠানিক কর্মদিবসে ৭৫% উপস্থিত থাকতে হবে।
- সরকারি উৎস থেকে মেধাবৃত্তি/উপবৃত্তি বা শিক্ষাভাতা গ্রহণ না করা।
- অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষায় ন্যূনতম ৪৫% মার্কস পেতে হবে।
- শিক্ষার্থীকে এইচএসসি পরীক্ষা পর্যন্ত অবিবাহিত থাকতে হবে।

### আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ জমা দিতে হবে:

- শিক্ষার্থীর পাসপোর্ট সাইজ রঙিন ছবি- ১ কপি।
- শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের (১৭ ডিজিট নাম্বার সম্বলিত) ফটোকপি-১কপি।
- এসএসসি বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন ও মার্কসিট এর ফটোকপি-১ কপি করে।
- পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-১ কপি করে। কেবলমাত্র পিতা ও মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-১ কপি।
- শিক্ষার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত/মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী হলে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত-১ কপি।
- শিক্ষার্থীর অভিভাবকের নামে ভিজিটি কার্ড/ভিজিএফ কার্ড/বয়স্ক ভাতা কার্ড/বিধবা ভাতা কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ড থাকলে তার সত্যায়িত কপি-১টি।
- শিক্ষার্থী/শিক্ষার্থীর অভিভাবক/শিক্ষার্থীর পরিবারের কোন সদস্য দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত/প্রতিবন্ধী/মানসিক রোগী/হলে প্রমাণকের ফটোকপি-১ কপি।
- ব্যাংক হিসাব: শিক্ষার্থীর নিজ নামে/পিতার/মাতার/পিতা মাতার অবর্তমানে বৈধ অভিভাবকের নামে খোলা (১৩-১৭) ডিজিটের ব্যাংক হিসাব অথবা (১১-১২) ডিজিটের মোবাইল ব্যাংক হিসাবের স্টেটমেন্ট এর কপি ১টি। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে যে এনআইডি ব্যবহার করে একাউন্ট খোলা হয়েছে, সেটির ফটোকপির উপরে একাউন্ট নাম্বারটি হিসাবের নামসহ ইংরেজিতে লিখতে হবে। একাউন্ট অবশ্যই চালু থাকতে হবে।  
(হিসাবের ধরণ: বিকাশ/নগদ/রকেট/ উল্লেখ করতে হবে)

বি.দ্র. অসম্পূর্ণ/প্রয়োজনীয় কাগজপত্র ব্যতিত আবেদনপত্র উপবৃত্তি প্রোগ্রামের জন্য বাছাই করা সম্ভব নয়।

প্রতিস্বাক্ষর

  
২৭/০২/২০২৩  
(প্রফেসর মো. আলতাফ হোসেন-৫৩৭৪)

অধ্যক্ষ


ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর

প্রফেসর মোঃ আলতাফ হোসেন

মাইডি নং-৫৩৭৪

অধ্যক্ষ

ফুলবাড়ী সরকারি কলেজ  
ফুলবাড়ী, দিনাজপুর।

  
২৭/০২/২০২৩

মো. জাহিদুল হাসান-২৩০৯৪

সহকারী অধ্যাপক (গণিত)

ও

আহবায়ক, বৃত্তি ও আর্থিক অনুদান কমিটি (২০২২-২৩)

ফুলবাড়ী সরকারি কলেজ, দিনাজপুর